

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
নৌশিক্ষা ও প্রশিক্ষণ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mos.gov.bd

নং- ১৮.০০.০০০০.০১৭.২২.০০৬.২৪-২৯০

তারিখ: ২৬ ফাল্গুন ১৪৩০
২০ মার্চ ২০২৪

ইন্টার্নশিপ আহ্বান বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ এর আওতায় নৌপরিবহন মন্ত্রণালয়ের অধীন তিন (০৩) মাস মেয়াদে ১০ জনকে ইন্টার্নশিপ প্রদান করা হবে। ইন্টার্নশিপ গ্রহণের জন্য আগ্রহী প্রার্থীগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আবেদনপত্র আহ্বান করা হলো:

০১। এই ইন্টার্নশিপ নিম্নবর্ণিত বিষয় সংশ্লিষ্ট হবে:

- (ক) নৌপরিবহন মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট গবেষণা কার্যক্রম (অর্থনীতি, ব্যবসায় প্রশাসন, আন্তর্জাতিক সম্পর্ক ও উন্নয়ন, পদার্থবিদ্যা, রসায়ন, উদ্ভিদ বিজ্ঞান, প্রাণী বিজ্ঞান ও সংশ্লিষ্ট বিষয়ে ডিগ্রীধারীগণের জন্য);
- (খ) মন্ত্রণালয়/অধস্তন দপ্তরের কার্যাবলী (অর্থনীতি, ব্যবসায় প্রশাসন, আন্তর্জাতিক সম্পর্ক ও উন্নয়ন, পদার্থবিদ্যা, রসায়ন, উদ্ভিদ বিজ্ঞান, প্রাণী বিজ্ঞান, সিভিল ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রনিক্স/ইলেকট্রিক্যাল/মেকানিক্যাল/মেরিন ইঞ্জিনিয়ারিং/ নটিক্যাল সায়েন্স ও সংশ্লিষ্ট বিষয়ে ডিগ্রীধারীগণের জন্য);


০২. আবেদনের যোগ্যতা:

- (ক) আবেদনকারীকে বাংলাদেশের নাগরিক হতে হবে;
- (খ) যে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক/স্নাতকোত্তর/সমমান পরীক্ষায় উত্তীর্ণ অথবা বর্ণিত পরীক্ষায় অবতীর্ণ (Appeared) হতে হবে। অবতীর্ণ প্রার্থীগণকে পরীক্ষায় অবতীর্ণ মর্মে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে;
- (গ) স্নাতক/স্নাতকোত্তর/সমমান ডিগ্রি অর্জনের দুই (০২) বছরের মধ্যে আবেদন করতে হবে; এবং
- (ঘ) ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ এর অধীন একজন প্রার্থী শুধু একবার ইন্টার্নশিপ করতে পারবে।

০৩. কোনো আবেদনকারী অন্য কোনো কর্মে নিয়োজিত থাকলে নিয়োগকারী কর্তৃপক্ষের অনাপত্তি সনদ দাখিল করতে হবে।

০৪. ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ অনুচ্ছেদ ১২ (গ) অনুযায়ী নির্বাচিত প্রার্থীকে একটি ঘোষণাপত্র ও একটি চুক্তিপত্র স্বাক্ষর করতে হবে।

০৫. ইন্টার্নশিপ চলাকালীন মাসিক ১০,০০০/- (দশ হাজার) টাকা হারে 'ইন্টার্নশিপ ভাতা' প্রদান করা হবে। 'ইন্টার্নশিপ ভাতা' ব্যতীত অন্য কোনো ভাতা/সুবিধা প্রদান করা হবে না।
০৬. নৌপরিবহন মন্ত্রণালয় নির্ধারিত একজন সুপারভাইজারের অধীন ইন্টার্নশিপ সম্পন্ন করতে হবে।
০৭. ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ অনুযায়ী 'ইন্টার্নশিপ ভাতা' প্রাপ্তির জন্য প্রার্থীকে প্রতিমাসে সুপারভাইজারের নিকট থেকে সন্তোষজনক কর্মকালের প্রত্যয়ন দাখিল করতে হবে।
০৮. **ইন্টার্নশিপ কোন চাকরি নয়।** ইন্টার্নশিপ চলাকালীন ইন্টার্ন 'কর্মে নিয়োজিত রয়েছেন' মর্মে কোনোরূপ প্রত্যয়ন প্রদান করা হবে না। তবে, সফলভাবে ইন্টার্নশিপ সম্পন্ন করার পর ইন্টার্নকে সনদ প্রদান করা হবে।
০৯. ইন্টার্নশিপ সনদ কোনোভাবেই কোনো প্রতিষ্ঠানে স্থায়ী, অস্থায়ী বা অন্য কোনো প্রকার চাকরির ক্ষেত্রে প্রাধিকার/অগ্রাধিকার হিসেবে গণ্য হবে না।
১০. কর্তৃপক্ষ প্রয়োজন মনে করলে প্রাথমিক বাছাইয়ের পর সংক্ষিপ্ত তালিকাভুক্ত প্রার্থীগণকে লিখিত বা মৌখিক বা উভয় প্রকার পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
১১. প্রযোজ্য ক্ষেত্রে লিখিত বা মৌখিক পরীক্ষার তারিখ ও সময় প্রার্থীর ই-মেইল/ডাকযোগে/মোবাইলে জানানো হবে।
১২. লিখিত বা মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো টিএ/ডিএ প্রদান করা হবে না।
১৩. ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ এর শর্তানুযায়ী প্রার্থী ইন্টার্নশিপ সমাপনান্তে নৌপরিবহন মন্ত্রণালয় বা এর অধীন কোনো দপ্তর/সংস্থায় বা অন্য কোনো সরকারি প্রতিষ্ঠানে নিয়োগ প্রাপ্তির দাবি করতে পারবে না।
১৪. নির্বাচিত প্রার্থীকে ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ এর সকল শর্ত, অফিস ব্যবস্থাপনা ও সরকারি গোপনীয়তা সংক্রান্ত দেশে প্রচলিত সকল আইন ও বিধিবিধান প্রতিপালন করে ইন্টার্নশিপ সম্পন্ন করতে হবে।
১৫. ইন্টার্নশিপ গ্রহণে আগ্রহী প্রার্থীগণকে <https://erecruitment.bcc.gov.bd/> লিংকে সংযুক্ত আবেদন ফরম অনুযায়ী আগামী ২১ মার্চ ২০২৪ তারিখের মধ্যে অনলাইনে আবেদন দাখিল করতে হবে।
১৬. মৌখিক পরীক্ষায় সময় পূরণকৃত আবেদনপত্র ও আবেদনপত্রে উল্লিখিত সকল তথ্যের স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্র (শিক্ষাগত যোগ্যতার সনদ, সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান হতে সংগ্রহকৃত চারিত্রিক সনদ/প্রশংসাপত্র, জাতীয় পরিচয়পত্র, জন্মনিবন্ধন, নাগরিকত্বের সনদ, সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের তিন কপি রঙিন ছবি ইত্যাদি) মূলকপি প্রদর্শনপূর্বক এক সেট সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।


২০/০৩/২০২৪

মোসাঃ শুকরিয়া পারভীন
উপসচিব

ফোন-০২-৫৫১০০২১৭

e-mail: ds.met@mos.gov.bd